

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২০৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর যেসব স্ত্রীদের নিকট গমন করে শেষে একবার গোসল করতেন, সেসব স্ত্রীদের সংখ্যা প্রসঙ্গে

ذِكْنُ عَدَدِ النِّسَاءِ اللَّاتِي كَانَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَطُوفُ عَلَيْهِنَّ بِغُسْلٍ وَاحِدٍ

আরবী

1205 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ قَتَادَةَ: عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَدُورُ عَلَى نِسَائِهِ فِي سَاعَةٍ مِنَ اللَّيْلِ أَو النَّهَارِ وَهُنَّ إِحْدَى عَشْرَةَ فَقُلْتُ لِأَنسِ بْنِ مَالِكٍ: يَدُورُ عَلَى نِسَائِهِ فِي سَاعَةٍ مِنَ اللَّيْلِ أَو النَّهَارِ وَهُنَّ إِحْدَى عَشْرَةَ فَقُلْتُ لِأَنسِ بْنِ مَالِكٍ: أَكَانَ يُطِيقُ ذَلِكَ؟ قَالَ: كُنَّا نَتَحَدَّتُ أَنَّهُ أَعْطِيَ قُوَّةَ ثَلاَثِينَ.

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1205 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২০৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাত বা দিনের একটি সময়ে তাঁর স্ত্রীদের নিকট গমন করতেন, সে সময় তাঁরা সংখ্যায় এগারো জন ছিলেন।" অধঃস্তন রাবী বলেন, "আমি আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, "তিনি কি এমনটি করতে পারতেন?" জবাবে আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমরা বলাবলি করতাম যে, তাঁকে ত্রিশজন ব্যক্তির সক্ষমতা দেওয়া হয়েছে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৩১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১০৬১; মুসনাদ আহমাদ: ৩/১৮৫; তিরমিযী: ১৪০; নাসাঈ: ১/১৪৩; ইবনু মাজাহ: ৫৮৮; শারহু মা'আনিল আসার: ১/১২৯।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্টভাবে কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ বুখারী: ২৬৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন